

আরবিআই/2013-2014/212

ডিবিওডি.নং.বিএপিডি.বিসি.46 /22.01.009/2013-14

সেপ্টেম্বর 02, 2013

সভাপতি এবং সিইওগণ
(আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক ও লোকাল এরিয়া ব্যাঙ্ক সহ
সমস্ত তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক)

প্রিয় মহাশয়,

ব্যাঙ্কিং পরিষেবার প্রসারের মাধ্যমে আর্থিক অন্তর্ভুক্তিকরণ - ব্যাঙ্কনোট ও ধাতুমুদ্রা বিতরণের জন্য বিজনেস করেসপন্ডেন্টদের ব্যবহার করা - বিকল্প পথ

অনুগ্রহ করে মে 03, 2013 তারিখে ঘোষিত মুদ্রা-নীতি 2013-14 -এর অনুচ্ছেদ 110 দেখবেন(উদ্ধৃতাংশ সংযুক্ত)।

2. আমাদের সেপ্টেম্বর 28, 2010 তারিখের সার্কুলার ডিবিওডি.নং.বিএল.বিসি.43/22.01.009/2010-11-এর অনুচ্ছেদ 4 অনুযায়ী বিজনেস করেসপন্ডেন্টদের কাজের এক্তিয়ানের মধ্যে নিম্নোক্ত বিষয়গুলি পড়বে: (i) ঋণগ্রহীতাদের সনাক্তকরণ (ii) প্রাথমিক তথ্য/ডাটা যাচাই সহ ঋণ আবেদনপত্র সংগ্রহ ও সেগুলির প্রারম্ভিক পরীক্ষা করা (iii) সঞ্চয়সহ অন্যান্য ব্যাঙ্কের সুবিধাগুলি সম্পর্কে জানানো এবং টাকাকড়ি ঠিকমতো সামলানো স্বল্পক্রে শেখান ও ঋণ ব্যবহার সংক্রান্ত পরামর্শ দেওয়া (iv) ব্যাঙ্কের উদ্দেশ্যে আবেদনপত্রগুলি জমা নেওয়া এবং সেগুলি পরীক্ষা করা (v) স্বয়ম্ভর গোষ্ঠী / যৌথ দায়বদ্ধ গোষ্ঠী / ক্রেডিট গোষ্ঠী / অন্যান্যদের গঠন করা, প্রতিপালন করা এবং নজরদারি করা (vi) ঋণ মঞ্জুর পরবর্তী নজরদারি (vii) বকেয়া আদায়ের ব্যাপারে লেগে থাকা (viii) স্বল্প মূল্যের ঋণ বিলি করা (ix) মূল ও সুদ আদায় করা (x) স্বল্পমূল্যের আমানত সংগ্রহ করা (xi) অতিক্ষুদ্র বিমা / মিউচুয়াল ফান্ডের পণ্য / পেনশন / তৃতীয় পক্ষীয় পণ্য বিক্রি করা এবং (xii) স্বল্পমূল্য অর্থপ্রেরণ / অন্যান্য অর্থপ্রদান লেখ্য গ্রহণ করা এবং দেওয়া।

3. ব্যাঙ্কনোট এবং ধাতুমুদ্রার ক্রমবর্ধমান চাহিদা কার্যকরীভাবে মেটানোর লক্ষ্যে ব্যাঙ্কগুলির মাধ্যমে বিতরণের বিকল্প পথগুলি চিহ্নিত করা প্রয়োজন। সেই কারণে সিদ্ধান্ত নেওয়া হয়েছে ব্যাঙ্কগুলিকে অনুমতি দেওয়া হবে যাতে তারা বিসিদের কাজকর্মের এক্তিয়ানের মধ্যে ব্যাঙ্কনোট এবং ধাতুমুদ্রা বিতরণ অন্তর্ভুক্ত করে।

আপনার বিশ্বস্ত

(প্রকাশ চন্দ্র সাহু)
মুখ্য মহাপ্রবন্ধক

সংলগ্নী: যেমন উপরে বর্ণিত

(মে 03, 2013 তারিখে ঘোষিত মুদ্রা-নীতি বিবরণী 2013-14)

ব্যাঙ্কনোট এবং ধাতুমুদ্রা বিতরণ - বিকল্প পথ

110. .ব্যাঙ্কনোট এবং ধাতুমুদ্রার ক্রমবর্ধমান চাহিদা কার্যকরীভাবে মেটানোর লক্ষ্যে ব্যাঙ্কগুলির মাধ্যমে বিতরণের বিকল্প পথগুলি চিহ্নিত করা প্রয়োজন। এই উদ্দেশ্যে ব্যাঙ্কগুলি বিজনেস করেসপন্ডেন্ট (বিসি)-দের মাধ্যমে এই পরিষেবা দেওয়ার সম্ভাবনা খতিয়ে দেখতে পারে এবং ক্যাশ ইন ট্রানশিট (সিআইটি) সংস্থাকুলিকে .ব্যাঙ্কনোট এবং ধাতুমুদ্রা বিতরণের কাজে যুক্ত করার কথা বিবেচনা করতে পারে। এইভাবেই শেষ দূরস্থ পর্যন্ত পৌঁছানোর বিষয়টি নিষ্পন্ন করা যেতে পারে।

বিশদ নির্দেশাবলি জুন-2013 শেষে জারি করা হবে।